

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ পানাহার রচয়িতা/সঙ্কলকঃ আবদূল হামীদ ফাইযী

কোন গোশতের ব্যাপারে 'ঠিকমত জবেহ করা হয়েছে কি না' - এই সন্দেহ হলে বাড়িওয়ালা অথবা হোটেল মালিককে জিজ্ঞাসা করা কি জরুরী? নাকি জিজ্ঞাসা না করেও খাওয়া যায়?

যদি প্রবল ধারনায় জানা যায় যে, জবেহকারী ঠিকমত জবেহ করেছে, তাহলে জিজ্ঞাসা করা বিধেয় নয়। যেহেতু মহানবী (সঃ) ইয়াহুদিদের জবেহ করা ছাগলের মাংস খেয়েছেন এবং জিজ্ঞাসাও করেননি যে, তা ঠিকভাবে জবেহ করা হয়েছে কি না? (বুখারি ২৬১৭, ২০৬৯, ২৫০৮, মুসলিম ২১৯০ নং)

একদা একদল লোক নবী (সঃ) কে জিজ্ঞেসা করল, 'এক নও মুসলিম সম্প্রদায় আমাদের নিকট মাংস নিয়ে আসে। আমরা জানি না যে, তার জবেহকালে আল্লাহর নাম উচ্চারণ করা হয়েছে কি না।' তিনি বললেন, "তোমরা আল্লাহর নাম নিয়ে তা ভক্ষণ কর।" (বুখারি ২০৫৭, ৫৫০৭ নং)

উক্ত হাদিসে নবী (সঃ) তাদেরকে জিজ্ঞাসা করে সন্দেহ দূরীভূত করতে নির্দেশ দেননি। এমন নির্দেশ হলে নিশ্চয় মানুষ বড় সমস্যায় পতিত হতো। (ইবনে উসাইমিন)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2215

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন